তারিখ 27 FEB 2017

যুগান্তর



টঙ্গীবাড়ীতে জীবনের ঝুঁকি নিয়ে পরিত্যক্ত ভবনের মেঝেতে পাঠ নিচ্ছে শিশুরা — যুগান্তর

# টঙ্গীবাড়ীতে পরিত্যক্ত ভবনের মেঝেতে চলছে পাঠদান

**টঙ্গীবাড়ী (মুন্সীগঞ্জ) প্রতিনিধি**

টঙ্গীবাড়ী উপজেলার খিলপাড়া প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবনের মেঝে বসিয়ে শিক্ষার্থীদের পাঠদান চলছে। ওই বিদ্যালয়ের ২৮৪ জন ছাত্রছাত্রীর জন্য দুটি নবনির্মিত কক্ষ রয়েছে। ওই দুটি কক্ষে ছাত্রছাত্রী সংকুলান না হওয়ায় পাশের পরিত্যক্ত ভবনের মেঝেতে বসিয়ে ছাত্রছাত্রীদের পাঠদান চলছে। সরেজমিন ওই বিদ্যালয়ে দেখা যায়, ১৯৯৫-১৯৯৬ অর্থবছরে এলজিইডির বাস্তবায়নে নির্মিত বিদ্যালয়ের মূল ভবনটিকে ইতিমধ্যে পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে। ছাদের ও দেয়ালের আস্তর খসে খসে পড়ছে। কিন্তু ওই ভবনের ফ্লোরে বসে শিশুদের পাঠদান চলছে। বিদ্যালয়ে পর্যাপ্ত বেঞ্চ না থাকায় মাদুর ও হোগলা বিছিয়ে শিশু শ্রেণীর ছাত্রছাত্রীদের পাঠদান করছেন শিক্ষকরা। বিদ্যালয়ের বিদ্যোৎসাহী সদস্য হাবিবুর রহমান হবি জানান, বিদ্যায়ের ভবন ও ব্রেঞ্চ দুটিরই অভাব রয়েছে, তাই ঝুঁকি নিয়েই ছাত্রছাত্রীদের ক্লাস করানো হচ্ছে। কিন্তু সামনে বর্ষা মৌসুমে বৃষ্টি-বাদল শুরু হলে এই ঝুঁকিপূর্ণ ভবনের আস্তর খসে পড়া বৃদ্ধি পাবে তখন এই ভবনে ছাত্রছাত্রীদের ক্লাস করানো সম্ভব হবে না। তাই বিদ্যালয়ের জন্য অচিরেই একটি নতুন ভবন প্রয়োজন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আ. ছালাম জানান, আমাদের বিদ্যালয়ে নতুন ভবনে যে দুটি কক্ষ রয়েছে তার মধ্যে ১০০ জন ছাত্রছাত্রীকে পাঠদান করা যায়। কিন্তু বিদ্যালয়ে প্রায় ৩০০ জন ছাত্রছাত্রী হওয়ায় আমরা বাধ্য হয়ে পরিত্যক্ত ভবনে ক্লাস নিচ্ছি, এমনকি আমাদের অফিস রুমটিও বাধ্য হয়ে পরিত্যক্ত ভবনে রেখেছি। টঙ্গীবাড়ী উপজেলা শিক্ষা কর্মকর্তা হিটলারুজ্জামান জানান, আমরা ওই বিদ্যালয়ে নতুন ভবনের জন্য ইতিমধ্যে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে আবেদন করছি।